গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
(www.dgt.gov.bd)

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৪.১১.০০১.২৪-২২৯৫ তারিখ : ১৯ নভেম্বর ২০২৪খ্রি:

**বিষয় : নিয়োগ বিজ্ঞপ্তি ও নোটিশ ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশ।**

সূত্র: (ক) নিয়োগ বিজ্ঞপ্তি নং ০৫.০৩.০০০০.০০৪.১১.০০১.২৪-২২৬১ তারিখ: ১৭ নভেম্বর ২০২৪
(খ) নোটিশ নং-০৩.০০০০.০০৪.১১.০০১.২৪-২২৯৪, তারিখ: ১৯ নভেম্বর ২০২৪

সরকারি যানবাহন অধিদপ্তরের বিভিন্ন শূন্য পদে বিয়োগের লক্ষ্যে সূত্রোস্থ নিয়োগ বিজ্ঞপ্তি ও গেজেট বিজ্ঞপ্তির নোটিশ তাঁর কার্যালয়ের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশের ব্যবস্তা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) নিয়োগ বিজ্ঞপ্তি ০১সেট;
(২) গেজেট বিজ্ঞপ্তির নোটিশ ০১সেট।

১৯.১১.২০২৪

(এ টি এম কাউছার হোসেন)
পরিচালক (সড়ক)(যুগ্মসচিব)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

জেলা প্রশাসক
...................... (সকল)
এবং
উপজেলা নির্বাহী অফিসার
......................... (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

নং-০৫.০৩.০০০০.০০৪.১১.০০১.২৪- ২২৬১

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩১
১৭ নভেম্বর ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি যানবাহন অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dgt.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) টা : ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ;<br>(ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | মেকানিক গ্রেড-বি (গ্রেড-১৫) টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ১৯ (উনিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অটোমোটিভ মেশিনস, ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স, ফিটিং, মেশিন শপ প্র্যাকটিস, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা ওয়েল্ডিং বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>(গ) সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোবাইল, ইলেকট্রিক্যাল, ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স, এগ্রো মেশিনারি, মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেন্যান্স, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩. | গাড়িচালক (গ্রেড-১৫) টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ৩৩৩ (তিনশত তেত্রিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৪. | গাড়িচালক (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ৭৩ (তিয়াত্তর)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০৪ (চার)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ;<br>(ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬. | হিসাব সহকারী (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০৫ (পাঁচ)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৭. | টাইম কিপার (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৮. | ইনডেন্ট সহকারী (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯. | জব সহকারী (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১০. | স্টোরম্যান (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্টোর রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা। |
| ১১. | লেজার সহকারী (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০৩ (তিন)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২. | স্পীডবোট চালক (গ্রেড-১৬) টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১০ (দশ)টি | স্পীডবোট চালনায় ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩. | মেকানিক গ্রেড-ডি, (গ্রেড-১৮) টা: ৮,৮০০-২১,৩১০/- | ১৬ (ষোল)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অটোমোটিভ মেশিনস, ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স, ফিটিং, মেশিন শপ প্র্যাকটিস, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা ওয়েল্ডিং বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ ও সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোটিভ মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, ফার্ম মেশিনারি, জেনারেল মেকানিক্স, মেশিন টুলস অপারেশন, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বা ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বা ওয়েল্ডিং ট্রেডে মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ট্রেডে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৪. | ডেসপাচ রাইডার (গ্রেড-১৮) টা: ৮,৮০০-২১,৩১০/- | ১১ (এগারো)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| ১৫. | অফিস সহায়ক (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ০৫ (পাঁচ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। |
| ১৬. | ক্লিনার/হেলপার (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ২৯ (উনত্রিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অটোমোটিভ মেশিনস, ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স, ফিটিং, মেশিন শপ প্র্যাকটিস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং, ওয়েল্ডিং অটোমেকানিক, অটো ইলেকট্রিশিয়ান, অটো ডেন্টিং পেইন্টিং, ডায়াগনস্টিক টেকনিশিয়ান, সিএনজি ও এলএনজি কনভার্শন টেকনিশিয়ান বা অটোমোবাইল ইনটেরিয়র টেকনিশিয়ান বিষয়ে ট্রেড কোর্স পাস;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোটিভ মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, ফার্ম মেশিনারি, জেনারেল মেকানিক্স, মেশিন টুলস অপারেশন, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং, ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বা ওয়েল্ডিং ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ১৬ (ষোল)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুঠাম দেহের অধিকারী। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

১. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

২. **প্রার্থীর বয়স:**

২০ নভেম্বর ২০২৪ তারিখে প্রার্থীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩০ বৎসর। শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ পর্যন্ত চাকুরিতে প্রবেশের বয়স সংক্রান্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/বিধি কার্যকর হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

৩. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশী স্থায়ী নাগরিক হতে হবে।

৪. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

৫. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। **দাখিলযোগ্য কাগজপত্রের তালিকা** নিম্নরূপ:

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;

(খ) ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্স/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি;

(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

(ঙ) বাংলাদেশের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ;

(চ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ;

(ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(জ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

৬. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এর ১(এক) সেট সত্যায়িত ফটোকপিও দাখিল করতে হবে।

৭. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৮. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১০. এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

১১. আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

১২. Online ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৩. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dgt.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় **২০ নভেম্বর ২০২৪** সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় **১৫ ডিসেম্বর ২০২৪** বিকাল: ০৫.০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. গাড়িচালক ও ডেসপাচ রাইডার পদে আবেদনকারীগণকে অবশ্যই অনলাইনে আবেদন করার সময় ড্রাইভিং লাইসেন্স-এর **Information** দিতে হবে। অন্যথায়, গাড়িচালক ও ডেসপাচ রাইডার পদে চূড়ান্তভাবে বিবেচনা করা হবে না।

চ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (অসম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষন করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ০১-১২ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ১৩-১৭ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/-(একশত বারো)টাকা পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS:

DGT<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DGT ABCDEF & send to 16222

**Reply:** Applicant's Name: Tk-223/112 will be charged as application fee. Your Pin Is 12345678. To pay fee Type DGT<space>Yes<space>PIN & Send to 16222 .

দ্বিতীয় SMS:

DGT<space>YES <space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DGT YES 12345678

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully For dgt Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgt.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
DGT<space>Help<space>User<space> User ID & Send to 16222.
Example: DGT HELP USER ABCDEF & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে:
DGT<space>Help<space>PIN<space> PIN No & Send to 16222.
Example: DGT HELP PIN 12345678 & Send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১৫. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সরকারি যানবাহন অধিদপ্তরের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.dgt.gov.bd বা http://dgt.teletalk.com.bd দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য উল্লিখিত ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

১৬. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৭.১১.২০২৪

(এ টি এম কাউছার হোসেন)
পরিচালক (সড়ক)(যুগ্মসচিব)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সরকারি সড়ক পরিবহন শাখা
www.dgt.gov.bd

নং-০৫.০৩.০০০০.০০৪.১১.০০১.২৪-২২৯৪ তারিখ: ১৯ নভেম্বর ২০২৪খ্রি:

# নোটিশ

গত ১৮ নভেম্বর ২০২৪ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, মুদ্রণ ও প্রকাশনা শাখা হতে ১১ (মু: প্র:) নং গেজেট বিজ্ঞপ্তিতে উল্লেখিত সরাসরি নিয়োগের বয়সসীমা সরকারি যানবাহন অধিদপ্তরের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৪.১১.০০১.২৪-২২৬১, তারিখ: ১৭ নভেম্বর ২০২৪ এ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। বিষয়টি নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হলো।

সংযুক্তি: ০১(সেট) গেজেট বিজ্ঞপ্তি।

১৯.১১.২৪
(ইমরান হোসাইন সজীব)
উপ-পরিচালক
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা;
(দৃ: আ: সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)

০২। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা;

০৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লি. রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স হোল্ডিং #৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭ গুলশান-১, ঢাকা-১২১২- (গেজেট বিজ্ঞতি অনুযায়ী আবেদনকরীর আবেদন গ্রহণের ব্যবস্থা নেয়ার অনুরোধসহ)।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

নং **১১ (মু: প্র:)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

## অধ্যাদেশ নং ১১, ২০২৪

**সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণকল্পে প্রণীত**

**অধ্যাদেশ**

যেহেতু সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ করা সমীচীন ও প্রয়োজনীয়;

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—



মূল্য : টাকা ৪.০০

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ অধ্যাদেশ, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **অধ্যাদেশের প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো আইন, বিধিমালা, প্রবিধানমালা, আদেশ, নির্দেশ বা আইনগত দলিলে যাহা কিছুই থাকুক না কেন, এই অধ্যাদেশের বিধানাবলি প্রাধান্য পাইবে।

৩। **সরাসরি নিয়োগের বয়সসীমা।**—আপাতত বলবৎ অন্য কোনো আইন, রাষ্ট্রপতির আদেশ, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, সংবিধি, আদেশ, নির্দেশ বা আইনগত দলিলে যাহা কিছুই থাকুক না কেন,—

(ক) বাংলাদেশ সিভিল সার্ভিস এর সকল ক্যাডারের চাকরিতে প্রবেশের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হইবে ৩২ (বত্রিশ) বৎসর;

(খ) বাংলাদেশ সিভিল সার্ভিস এর আওতা বহির্ভূত সকল সরকারি চাকরিতে প্রবেশের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হইবে ৩২ (বত্রিশ) বৎসর;

(গ) স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহের চাকরির যে সকল পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা "৩০ (ত্রিশ)" বা "অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর" উল্লেখ রহিয়াছে, সর্বত্র উক্ত বয়সসীমা "৩২ (বত্রিশ) বৎসর" প্রতিস্থাপিত হইবে;

(ঘ) প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চাকরিতে নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান স্ব স্ব নিয়োগ বিধিমালা বা, ক্ষেত্রমত, প্রবিধানমালা বহাল থাকিবে।

৪। **অসুবিধা দূরীকরণ।**—এই অধ্যাদেশ কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা বা অসুবিধা দেখা দিলে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের বিধানের সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা বা অসুবিধা দূর করিতে পারিবে।

তারিখ: ৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

---

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব (চলতি দায়িত্ব)

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd